গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, খুলনা

বিশেষ বিজ্ঞপ্তি (সংশোধিত)

এতদ্বারা মংলা/চট্টগ্রাম/আইসিডি (কমলাপুর)/ঢাকা/পাঁনগাও/বেনাপোল শুল্ক ভবন ও অন্যান্য বন্দরে কাস্টমস্ সংক্রান্ত কার্যক্রম পরিচালনাকারী সিএন্ডএফ এজেন্ট, শিপিং এজেন্ট ও ফ্রেইড ফরওয়ার্ডার এজেন্টগণকে জানানো যাচ্ছে যে, ইতোপূর্বে পায়রা বন্দরের কাস্টমস্ সংক্রান্ত কার্যক্রম পরিচালনার জন্য যে সকল সিএন্ডএফ এজেন্ট, শিপিং এজেন্ট ও ফ্রেইড ফরওয়ার্ডার রেফারেন্স লাইসেন্স গ্রহণ করতে ইচ্ছুক তাঁদেরকে ৩০/১২/২০১৫ খ্রিঃ তারিখের মধ্যে যুগ্ম কমিশনার ও সভাপতি, লাইসেন্সিং কর্তৃপক্ষ, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, খুলনা বরাবর প্রয়োজনীয় দলিলাদিসহ যথাযথ পদ্ধতিতে আবেদন করতে বলা হয়েছিল। উক্ত সময়ে আবেদন ফরম সংগ্রহকারী এজেন্টগণের মধ্যে স্বল্প সংখ্যক এজেন্ট যথাযথভাবে তাঁদের আবেদন দাখিল করেছেন। এ কারনে আগামী ০৭/০১/২০১৬ খ্রিঃ তারিখ পর্যন্ত যে সকল এজেন্টগণ নির্ধারিত সময়ে আবেদন ফরম সংগ্রহ করেছেন তাদের লাইসেন্সের আবেদন গ্রহণের সময়সীমা বৃদ্ধি করা হলো। আগামী ০৭/০১/২০১৬ খ্রিঃ তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে প্রাপ্ত সকল আবেদন বিবেচনায় নেয়া হবে এবং এ বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ড এর সর্বশেষ সিদ্ধান্ত মোতাবেক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হবে। ০৭/০১/২০১৬ খ্রিঃ তারিখ বিকাল ৫.০০ ঘটিকার পরে কোন আবেদন হাতে হাতে, জিইপি মারফত, ডাক বিভাগ/কুরিয়ার মারফত গ্রহণ করা হবেনা।

০৩/১/১৬
(মোঃ আব্দুল হান্নান)
সহকারী কমিশনার
ও
সদস্য সচিব, লাইসেন্সিং কর্তৃপক্ষ
সভাপতির পক্ষে

নথি নং-৫/২০(৬)এলসি-এডমিন/লাইসেন্স/২০০১/ ২৬ (১-৭)

তারিখঃ ০৩/০১/২০১৬ খ্রিঃ

অনুলিপি অবগতির জন্যঃ

১-৬। কমিশনার, কাস্টম হাউস, ঢাকা/চট্টগ্রাম/মংলা/বেনাপোল/আইসিডি(কমলাপুর)/পাঁনগাও। তাঁকে তাঁর দপ্তরের নোটিশ বোর্ডে বিজ্ঞপ্তিটি টানানোর ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৭। দ্বিতীয় সচিব (শুল্কঃআন্তর্জাতিক বাণিজ্য ও চুক্তি), জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।